গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
(www.faridpur.gov.bd)

**সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মার্চ/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ<br>জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর। |
| সভার তারিখ | ঃ | ১০/০৩/২০২৪ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট- 'ক'। |

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ০৭ মার্চ ২০২৪ বর্ণাঢ্যভাবে উদ্‌যাপন করা হয়েছে, ১৭ মার্চ এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস একইভাবে উদ্‌যাপন করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। স্বাধীনতার এ মহান মাসে তিনি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী ত্রিশ লক্ষ শহীদ ও সম্ভ্রম হারানো দুই লক্ষ মা বোন, আরোও শ্রদ্ধাভরে স্মরণ করেন ১৫ আগস্ট কাল রাতে শহীদ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ নিহত পরিবারের অন্যান্য সদস্যদের, জাতীয় চার নেতাসহ ও গণতান্ত্রিক আন্দোলনে শহীদ অন্যান্য শহীদদের। ফরিদপুর জেলায় খুন, মাদকসহ সব ধরণের অপরাধ হ্রাসকল্পে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার অনুরোধ জানানো হয়। পুলিশ সুপার, ফরিদপুর বর্তমান প্রেক্ষাপটে জেলার সার্বিক নিরাপত্তা রক্ষায় গৃহীত বিভিন্ন পদক্ষেপের চিত্র তুলে ধরে সন্ত্রাস এবং জঙ্গীবাদ দমনে সর্বস্তরের জনসাধারণের সম্পৃক্ততার উপর জোর দেন। উপস্থিত সদস্যগণও বর্তমানে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রয়েছে বলে মতামত ব্যক্ত করেন।

**বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ**

| ক্র.নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | ইউনিয়ন ও উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা: | ➢ প্রতিটি উপজেলার প্রতিটি ইউনিয়নে নিয়মিতভাবে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে। উক্ত সভায় পুলিশের বিট অফিসারসহ সংশ্লিষ্ট সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। যদি কেউ উক্ত সভাসমূহ না করে এবং সভার কার্যবিবরণী প্রেরণ না করে তাহলে সংশ্লিষ্ট সকলকে কারণ দর্শানোর পত্র দিতে হবে।<br>➢ ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার আলোচনায় অনিষ্পন্ন বিষয় উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যপত্রে অর্ন্তভূক্ত করতে হবে এবং উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভায় অনিষ্পন্ন বিষয় জেলার সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার আলোচনায় অর্ন্তভূক্ত করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) বিষয়টি মনিটরিং করবেন।<br>➢ ইউনিয়ন ও উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ/ নৌ-পুলিশ, ফরিদপুর।<br>৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।<br>৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।<br>৭. সহকারী কমিশনার (ভূমি) (সকল), ফরিদপুর। |

চলমান পাতা-২



CamScanner

| ক্র.ন. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২. | আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ | ➢ সন্ত্রাস, নাশকতা, চাঁদাবাজি, টেন্ডারবাজি, খুন, ডাকাতি, মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধের সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনতে হবে।<br>➢ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য এবং অপরাধমূলক কার্যক্রমের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে মোটিভেশনাল সভা আয়োজন করতে হবে। এ লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিগণকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।<br>➢ সরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনাতে পুলিশী টহল বৃদ্ধি করতে হবে এবং কেপিআইগুলোতে বিশেষ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পুলিশ সুপার, ফরিদপুর।<br>২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর<br>৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৫. অধিনায়ক, র‌্যাব-১০,ফরিদপুর<br>৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।<br>৭. অতিরিক্ত পরিচালক,এনএসআই, ফরিদপুর |
| ০৩. | জঙ্গিবাদ বিষয়ক আলোচনা | ➢ জঙ্গিবাদ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>➢ প্রতিষ্ঠানের বিষয়ে জ্ঞাত হয়ে সতর্কতার সাথে জিআর এর চালের জন্য জেলায় প্রতিবেদন পাঠাতে হবে।<br>➢ ইমামগণ মসজিদে বয়ানে যাতে জঙ্গিবাদ, ধর্মীয় উস্কানিমূলক বক্তব্য দিতে না পারে সেজন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়াজ মাহফিলে জঙ্গিবাদ এবং ধর্মীয় উস্কানিমূলক বিতর্কিত বক্তব্য প্রদান করলে বক্তব্য প্রদানকারী ব্যক্তি ও আয়োজক এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ ইমামগণ জুম্মা নামাজের খুৎবার পূর্বে সন্ত্রাস, মাদক ও বাল্য বিবাহ নিরোধ বিষয়ে বক্তব্য প্রদান করবেন। এ বিষয়টি উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন নিশ্চিত করবেন।<br>➢ ইমাম সাহেবগণ জঙ্গিবাদের বিষয়টি সঠিকভাবে উপস্থাপন করছেন কিনা বিষয়টি মনিটরিং করতে হবে।<br>➢ মুসল্লিসহ, মেম্বার, চেয়ারম্যানগণ যে মসজিদে নামাজ আদায় করেন সেখানে ইমামদের বক্তব্য মনিটরিং করতে হবে।<br>➢ উপজেলার সকল মসজিদের সভাপতি, সাধারণ সম্পাদক, ইমাম সাহেবদের নিয়ে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে সভা করতে হবে।<br>➢ উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ এক মসজিদে নামাজ না পড়ে ঘুরে ঘুরে পর্যায়ক্রমে সকল মসজিদে নামাজ পড়তে হবে এবং সমন্বিত উদ্যোগে মসজিদে জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক বক্তব্য প্রচার করতে হবে।<br>➢ ইমামদের প্রশিক্ষণের পর তাদেরকে তদারকি করতে হবে।<br>➢ জঙ্গিবাদ বিরোধী আন্দোলনকে জাতীয় ঐক্যের মাধ্যমে সামাজিক আন্দোলনে রূপ দিতে মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখবে।<br>➢ কোন স্থানে সহিংসতার ঘটনা ঘটার আশংকা থাকলে কর্তৃপক্ষকে পূর্বে অবহিত করতে হবে এবং সহিংসতা বন্ধের করণীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ ধর্মীয় অনুষ্ঠানে সরকারবিরোধী উস্কানিমূলক বক্তব্য প্রদানকারীদের বিষয়ে গোয়েন্দা নজরদারিসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ স্কুল, কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উক্ত আলোচনায় এ বিষয়ে রাষ্ট্রীয় আইনসমূহ অন্তর্ভূক্ত করতে হবে। | ১ পুলিশ সুপার, ফরিদপুর।<br>২ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর<br>৩ চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৪ উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৫ অধিনায়ক, র‌্যাব-১০, ফরিদপুর<br>৬ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।<br>৭ অতিরিক্ত পরিচালক, এনএসআই, ফরিদপুর।<br>৮ উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ফরিদপুর। |

চলমান পাতা-৩

CamScanner

| ক্র.ন. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪. | ওয়াজ মাহফিল | ➢ অনুমতি ছাড়া কোন ওয়াজ মাহফিল করা যাবে না।<br>➢ ওয়াজ মাহফিলের মাইকের ব্যবহার প্যান্ডেলের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।<br>➢ অধিক রাত পর্যন্ত ওয়াজ মাহফিল অনুষ্ঠান করা যাবে না। | ১ পুলিশ সুপার, ফরিদপুর।<br>২ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর<br>৩ চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ফরিদপুর।<br>৪ উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।<br>৫ অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর<br>৬ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।<br>৭ অতিরিক্ত পরিচালক, এনএসআই, ফরিদপুর।<br>৮ উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ফরিদপুর। |
| ০৫. | মাদ্রাসা বিষয়ক | ➢ মহিলা মাদ্রাসাসহ কওমি মাদ্রাসাগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>➢ প্রতিষ্ঠানের বিষয়ে জ্ঞাত হয়ে সতর্কতার সাথে জিআর এর চালের জন্য জেলায় প্রতিবেদন পাঠাতে হবে। | ১ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর।<br>২ উপজেলা নির্বাহী অফিসার (সকল, ফরিদপুর। |

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯।৩।২৪

(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি,
ফরিদপুর
ফোন ঃ ০২৪৭৮৮০৩০২২
(E-mail:dcfaridpur@mopa.gov.bd)

স্মারক নম্বর ০৫.১২.২৯০০.০২২.০৬.০২৬.২৪- ২৫৫

তারিখঃ ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।
১৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬। উপসচিব, রাজনৈতিক শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৯।৩।২৪

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ফরিদপুর

চলমান পাতা-০৪

CamScanner

স্মারক নম্বর ০৫.১২.২৯০০.০২২.০৬.০২৬.২৪-

তারিখঃ ০৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।
১৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ।

**অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পুলিশ সুপার, ফরিদপুর।
০২।পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ মাদারীপুর অঞ্চল ফরিদপুর/ বাংলাদেশ নৌ-পুলিশ, ফরিদপুর।
০৩। সিভিল সার্জন, ফরিদপুর।
০৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
০৫। মেয়র, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর।
০৬। পরিচালক/ অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর।
০৭। অধ্যক্ষ, সরকারি রাজেন্দ্র কলেজ/ সরকারি ইয়াছিন কলেজ/ সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর।
০৮। অধিনায়ক, র‍্যাব-১০, ফরিদপুর।
০৯। অতিরিক্ত পরিচালক, এনএসআই, ফরিদপুর।
১০। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।
১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ফরিদপুর।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ------------------------------ (সকল), ফরিদপুর।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------------ (সকল), ফরিদপুর।
১৪। সহকারী কমিশনার (ভূমি),...............................................................(সকল), ফরিদপুর।
১৫। মেয়র, ----------------------------------------------------- পৌরসভা (সকল), ফরিদপুর।
১৬। অতিরিক্ত পুলিশ সুপার সদর(সার্কেল) / ভাংগা(সার্কেল)/ নগরকান্দা(সার্কেল)/ মধুখালী(সার্কেল), ফরিদপুর।
১৭। সহকারী কমিশনার (গোপনীয়),বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ফরিদপুর, (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), জেলা প্রশাসক, ফরিদপুর এর কার্যালয়। (জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮। জেলা রেজিস্ট্রার, ফরিদপুর।
১৯। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
২০। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ফরিদপুর।
২১। জেল সুপার, জেলা কারাগার, ফরিদপুর।
২২। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর।
২৩। জেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর।
২৪। নির্বাহী প্রকৌশলী ওজোপাডিকো-(১) ফরিদপুর।
২৫। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফরিদপুর।
২৬। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।
২৭। সহকারী পরিচালিক, বিআরটিএ, ফরিদপুর/ সহকারী পরিচালক জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, ফরিদপুর।
২৮। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ফরিদপুর।
২৯। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ফরিদপুর।
৩০। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফরিদপুর।
৩১। জনাব ------------------------------------------------------------,
---------------------------------------------, ফরিদপুর।

১৯/০৩/২৪

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ফরিদপুর

CS CamScanner